# শুধু নিজেকে মুমিন বলাই যথেষ্ট নয়

*আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।*
*আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম।*
*বিসমিল্লাহির রাহমানির রাহিম।*
*আস-সালাতু ওয়া আস-সালামু' আলা রাসুলিনা*
*মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।*
*মাদাদ ইয়া রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্,*
*মাদাদ ইয়া মাশাইখিনা, দাস্তুর, মাদাদ ইয়া শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী,*
*শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, মাদাদ।*
*তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।*

আমাদের সায়্যিদ (সাঃ) বলেন,

الْمُؤْمِنُ الْقَوِيُّ خَيْرٌ وَأَحَبُّ إِلى اللهِ مِنَ الْمُؤْمِنِ الضَّعِيِ

"সবল মুমিন দূর্বল মুমিন থেকে উত্তম।" এর মানে কি? শক্তি শুধুমাত্র শরীরে নয়, সবকিছুতেই। এর মানে, সবকিছুই তোমাদের ভালোভাবে করতে হবে। "আমি মুমিন, এটাই আমার জন্য যথেষ্ট'", এরকম বলা চলবে না। তুমি যদি আল্লাহ্‌র দেয়া আদেশ সমূহ পালন কর তাহলে শক্তি আসে, রুহানী শক্তি আসে। শারিরীক শক্তি গুরুত্বপূর্ণ কিন্তু আধ্যাত্মিক শক্তিও গুরুত্বপূর্ণ।

মুমিনের কাজ নিখুঁত হতে হবে যেন তারা অত্যাচারিত না হয়। তাদের দেখতে হবে সবকাজের ভেতরেই কি সবথেকে উত্তম আছে। তাদের কাজ সাবধানতার সাথে করতে হবে এবং তাদের কাজ মানুষের উপকারে আসতে হবে। যখন তা মানুষের উপকারে আসে তখন তা নিজেরও উপকারে আসে। তখন মানুষ বলে, "এই লোক মানুষের জন্য দরকারী। সে ভালো কাজ করে।" সেই ধরণের মানুষ মূল্যবান।

মুসলিমদের প্রতি আমাদের পবিত্র নাবী (সাঃ) এর উপদের হচ্ছে, "যাহমাতুন ফা আতকিরাতুন।" "তোমাদের কাজ উত্তমভাবে কর।" অলসতায় অভ্যস্ত হয়ে পড়ো

না। কাজ ছাড়া বসে থেকো না। শুধুমাত্র ভালো কাজই কর। একজন মানুষের মূল্য এবং কদর বাড়ে যখন সে ভালো কাজ করে। সে মানুষের দাম আমাদের পবিত্র নাবী (সাঃ) এর দৃষ্টিতেও বাড়ে।

সবল মুমিন দুর্বল মুমিন হতে উত্তম যেহেতু সে অন্য মুসলিমদেরও সাহায্য করতে পারে। আমাদের পবিত্র নাবী (সাঃ) এর অনিন্দ্য সুন্দর বাণী এগুলো। কাজে দরিদ্রতা প্রকাশ করা ভালো নয়। তোমাদের পরিবার এবং সন্তানদের সবসময় এটি শেখাতে থাকো যেন একইভাবে তারাও মুসলিমদের জন্য উপকারী হয়।

আল্লাহ্ (জাল্লা জালালুহু) আমাদের সবাইকে সেই শক্তি দান করুন। অনেক ধরণের শক্তি আছে এবং তাদের সবগুলোরই প্রয়োজন আছে। আল্লাহ্ (জাঃজাঃ) আমাদের সাহায্যকারী হোন।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক

আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল

৭ জানুয়ারী ২০১৬ / ২৭ রাবিউল আউয়াল ১৪৩৭

আকবাবা দারগাহ, ফজর নামায।